

তারিখ 03 DEC 1991

পৃষ্ঠা ২

দৈনিক ইত্তেফাক

১৭

ঢাকা বিশ্ববিদ্যালয়
৭ই ডিসেম্বর হইতে
শিক্ষকরা ক্লাস
নিবেন
ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল
সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়
শিক্ষক সমিতির সাধারণ সভায়
৭ই ডিসেম্বর হইতে বিশ্ববিদ্যা-
লয়ের ক্লাস গ্রহণের সিদ্ধান্ত নেওয়া
হইয়াছে। সমিতির সভাপতি প্রফে-
(১১শ পৃ: ৭-এম ক: ৩ঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়
(প্রথম পাতার পর)
সর আনোয়ার উল্লাহ চৌধুরীর
সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায়
শিক্ষকদের কর্মবিরতি কর্মসূচী
স্বগিত ঘোষণা করিয়া বলা হয়,
ক্যাম্পাসে অদ্যাবধি সন্ত্রাসী তৎপ-
রতা অব্যাহত রহিয়াছে। তদুপরি
সেশনজটের দুবিঘ্ন অবস্থা এবং
ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার কথা
বিবেচনা করিয়া ৭ই ডিসেম্বর
হইতে শিক্ষকবৃন্দ ক্লাস গ্রহণ শুরু
করিবেন। সভায় ৬ই ডিসেম্বরের
মধ্যে ক্যাম্পাসে লেখাপড়ার স্বর্ভূ
পরিবেশ ফিরাইয়া আনার জন্য
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সর-
কারের প্রতি আহ্বান জানানো বলা
হয়, ইহার পরও যদি ক্যাম্পাসে
সন্ত্রাসী তৎপরতা অব্যাহত থাকে
এবং প্রতিকার বিধানে কার্যকর
পদক্ষেপ গৃহীত না হয় তাহা হইলে
সরকার, কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট মহল
দায়ী থাকিবেন।